

যুগ্মান্তর্য

জাবিতে হল খুলে দিতে ভিসির কাছে শিক্ষার্থীদের আবেদন

প্রকাশ : ২১ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



জাবি প্রতিনিধি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অনিদিষ্টকালের জন্য ক্লাস-পরীক্ষা বন্ধের ১৫ দিন পার হওয়ার পর ক্লাস-পরীক্ষা চালু ও হল খুলে দেয়ার দাবি জানিয়েছে সাধারণ শিক্ষার্থীরা। বুধবার কার্যালয়ে গিয়ে হল খোলার দাবিসহ ৭টি প্রস্তাব দিয়ে ভিসির কাছে আবেদন জানিয়েছেন তারা। আবেদনপত্র জমা দেয়ার সময় আবেদনপত্রে স্বাক্ষরকারী ১৩ শিক্ষার্থীসহ ভিসিপন্থী শিক্ষকরা উপস্থিত ছিলেন।

তাদের দাবিগুলো হল- অবিলম্বে বিশ্ববিদ্যালয়ের হল, ক্লাস, লাইব্রেরি খুলে দিয়ে প্রশাসনিক কার্যক্রম চালু করা, দীর্ঘদিনের অচলাবস্থার ক্ষতি পুষ্টতে নিতে শীতকালীন ছুটি কমানো, দ্রুত পরীক্ষার ফল প্রকাশ, শিক্ষার্থীদের বিরুদ্ধে অজ্ঞাতনামা মামলা তুলে নেয়া ও শিক্ষকদের ওপর হামলার সুষ্ঠু তদন্ত সাপেক্ষে অপরাধীদের বিচার করা, আন্দোলনে দেশবিরোধী চক্রান্তকারীদের শনাক্তের ব্যাপারে সরাসরি সরকারের হস্তক্ষেপ করা, দুর্নীতির তদন্তের বিপোর্ট আসার আগ পর্যন্ত আন্দোলনকারীদের আন্দোলন স্থগিত রাখা এবং তদন্তের স্বচ্ছতা ও সুষ্ঠু পরিস্থিতির স্বার্থে উভয় পক্ষকে কাদা ছোড়াচুড়ি থেকে বিরত থাকা।

ভিসি অধ্যাপক ড. ফারজানা ইসলামের অপসারণ দাবিতে আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীদের ওপর হামলার করে শাখা ছাত্রলীগের একাংশের নেতৃত্বাত্মক কার্য। ৫ নভেম্বর দুপুরে এ হামলার পর বিশ্ববিদ্যালয়ের সিভিকেটের জরুরি সভায় বিশ্ববিদ্যালয়ে সব ক্লাস-পরীক্ষা ও হলগুলো অনিদিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করে। কিন্তু বন্ধ ক্যাম্পাসেও আন্দোলন চালিয়ে যান শিক্ষক-শিক্ষার্থীরা। হল খুলে দেয়ার দাবিতে তারা বিশ্ববিদ্যালয় প্রশাসনকে আলটিমেটাম দেয়। এ আলটিমেটাম শেষ হবে আজ বৃহস্পতিবার।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার
বেআইনি।